দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
উত্তর গোবিন্দপুর, দিনাজপুর।
ISO 9001:2015 Certified
ফোন ঃ ০৫৩১-৬৪৪৬৫(অফিস)
০৫৩১-৬৪১৯৬ (অভিযোগ কেন্দ্র)
ফ্যাক্স ঃ ০৫৩১-৫১৮৭৪
E-mail ঃ dpbsone@gmail.com

স্মারক নং-২৭.১২.২৭৬৪.৫১৮.০১.০৩৮.২২.৩৭০৬ তারিখঃ ০৮ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
২৩/০৭/২০২২ খ্রিষ্টাব্দ

# নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ ষ্টোরে রক্ষিত কনডেম ঘোষিত নিম্নবর্ণিত মালামালসমূহ **"যেখানে যে অবস্থায় আছে"** ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বাংলাদেশের আগ্রহী ব্যক্তি/দরদাতা প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীলগালাযুক্ত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| পবিসের নাম | ক্রঃ নং | বিক্রয়তব্য মালামালের বিবরণ | পরিমাণ | দরপত্র দলিলের মূল্য (টাকা) | দরপত্র জামানত (টাকা) | দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণের সময়সূচী | দরপত্র খোলার সময়সূচী |
|---|---|---|---|---|---|---|---|---|
| দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ | ০১। | হার্ডওয়্যার (লৌহ জাতীয়) | ১২,৭৮০ কেজি | ১০০০.০০ | দাখিলকৃত মূল্যের ২৫% | ২৫/০৭/২০২২ খ্রিঃ তারিখ সোমবার-হতে ০৭/০৮/২০২২ খ্রিঃ তারিখ রবিবার পর্যন্ত | ০৮/০৮/২০২২ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১.৩০ ঘটিকা পর্যন্ত | ০৮/০৮/২০২২ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১.৩৫ ঘটিকা |
| | ০২। | সিটি/পিটি, ১১ কেভি | ০৪ টি | | | | | |
| | ০৩। | সিটি/পিটি, ৩৩ কেভি | ০১ টি | | | | | |
| | ০৪। | এক ফেজ এনালগ মিটার | ১৬৬৯ টি | | | | | |
| | ০৫। | এক ফেজ ডিজিটাল মিটার | ২৯১৭ টি | | | | | |
| | ০৬। | তিন ফেজ ডিজিটাল মিটার | ৫২ টি | | | | | |

## শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগণ যে কোন তফসিলী ব্যাংক হতে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, উত্তর গোবিন্দপুর, দিনাজপুর এর অনুকূলে নির্ধারিত পরিমাণ অর্থ (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্তকরতঃ নির্দিষ্ট লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, সদর দপ্তর ভবন (৯ম তলা), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল **আগামী ০৭/০৮/২০২২ খ্রিঃ তারিখ রোজ রবিবার** পর্যন্ত সংগ্রহ করতে পারবেন এবং আগামী **০৮/০৮/২০২২ খ্রিঃ তারিখ রোজ সোমবার** বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, সদর দপ্তর ভবন (৯ম তলা), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পরে এবং ডাক ও কুরিয়ার যোগে কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০২। দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ আগামী ০৮/০৮/২০২২ খ্রিঃ রোজ সোমবার বেলা ১১:৩৫ ঘটিকার সময় ক্রমিক নং-০১ এ বর্ণিত ঠিকানায় অর্থাৎ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরে এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ উপস্থিত নিলাম দরদাতা/মনোনীত প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। আগ্রহী দরদাতাগণের দাখিলকৃত দর আইটেম ওয়াইজ পৃথক পৃথকভাবে উল্লেখ করতে হবে। সর্বোচ্চ দরদাতা নির্বাচনের ক্ষেত্রে সর্বসাকুল্য সর্বোচ্চ দরদাতার দাখিলকৃত দর বিবেচনায় এনে নিয়মানুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।

০৪। নিলামে উদ্ধৃত দরের ২৫%(পঁচিশ শতাংশ) অর্থ আর্নেষ্ট মানি হিসাবে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসীলি ব্যাংক হতে **MICR ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে** নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে (যা সর্বোচ্চ দরদাতা না হলে অর্থাৎ কার্যাদেশ প্রাপ্য না হলে ফেরতযোগ্য)। আর্নেষ্ট মানি ব্যতিত কোনক্রমেই নিলাম দরপত্র গ্রহণ অথবা বিবেচনা করা হবে না।

০৫। উদ্ধৃত নিলাম দরপত্রে কোনরুপ কাটাকাটি/ঘষামাজা/ফ্লুইডিং গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত নিলাম দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে সমিতির নাম ও **''সমিতি পরিচালন ও রক্ষণাবেক্ষণ ষ্টোরে রক্ষিত ব্যবহার অযোগ্য মালামাল এর নিলাম ক্রয়ের দরপত্র''** কথাটি লিখে ০১ নং ক্রমিকে বর্ণিত ঠিকানায় নিলাম দরপত্র সমূহ দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৬। দরপত্র প্রকাশের তারিখ হতে দরপত্র জমাদানের পূর্বদিন অর্থাৎ **০৭/০৮/২০২২ খ্রিঃ তারিখ** রোজ রবিবার পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ষ্টোরে রক্ষিত নিলামে বিক্রয়যোগ্য কনডেম মালামাল সমূহ পরিদর্শন করা যাবে।

০৭। প্রাপ্ত নিলাম দরপত্র সমূহ মূল্যায়ন কমিটির মাধ্যমে মূল্যায়ন করে ১ম সর্বোচ্চ নিলাম দরদাতার আর্নেষ্টমানি নগদায়ন করা হবে। অতপরঃ ১ম সর্বোচ্চ নিলাম দরদাতাকে নিলামে বিক্রয়যোগ্য মালামালের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য সহ উদ্ধৃত মোট নিলাম মূল্যের উপর সর্বশেষ সরকার নির্ধারিত ভ্যাট ও উৎসে কর বাবদ অবশিষ্ট অর্থ নগদ অথবা দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসীলি ব্যাংক হতে ইস্যুকৃত MICR ব্যাংক ড্রাফট / পে অর্ডার আকারে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ক্যাশ শাখায় ১৫ (পনের) দিনের মধ্যে জমা দিতে হবে। মোট নিলাম মূল্যসহ ভ্যাট ও উৎস কর বাবদ নির্ধারিত অর্থ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে পরিশোধের বিষয়টি নিশ্চিত হওয়া সাপেক্ষে কার্যাদেশে বর্ণিত সময় সীমার মধ্যেই নিলামে বিক্রয়কৃত সমুদয় মালামাল দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর হতে গ্রহণ করতে হবে।

০৮। নির্ধারিত সময়ের মধ্যে নিলামে বিক্রয়কৃত মালামাল সর্বোচ্চ নিলাম দরদাতা কর্তৃক গ্রহণ না করার কারণে মালামালের কোন ক্ষতি হলে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ এর দায় গ্রহণ করবে না।

০৯। সর্বোচ্চ নিলাম দরদাতা কর্তৃক কার্যাদেশ প্রদানের পর নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট নিলাম মূল্য (সরকার নির্ধারিত ভ্যাট ও উৎসে কর সহ) পরিশোধে ব্যর্থ হলে উক্ত দরদাতার দাখিলকৃত আর্নেষ্ট মানি বাজেয়াপ্ত করে পরবর্তীতে ক্রমানুযায়ী সর্বোচ্চ নিলাম দরদাতার অনুকূলে নিলাম দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত মালামাল হস্তান্তরের প্রক্রিয়া শুরু করা হবে।

১০। নিলামে বিক্রয়যোগ্য মালামাল হস্তান্তরের সময় মালামালের পরিমাণ কম বা বেশি হতে পারে।

১১। দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ কোনরুপ কারণ দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১২। শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে বাপবিবোর্ড/ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

এমতাবস্থায়, উপরোল্লিখিত শর্তাবলী প্রতিপালনে আগ্রহী ব্যক্তি/দরদাতা প্রতিষ্ঠানকে যথাসময়ে ক্রমিক নং ০১ এ বর্ণিত অফিস সমূহে নিলাম দরপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ সাইফুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধ সহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বর্ণিত তারিখ ও সময়ে নিলাম দরপত্র গ্রহণ ও খোলার অনুরোধসহ)।
০২। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৩। পুলিশ সুপার, দিনাজপুর।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার............................পবিস-১/২/৩/৪।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। মেয়র, ...................................পৌরসভা, দিনাজপুর।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ, দিনাজপুর।
০৮। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, দিনাজপুর।
০৯। উপজেলা নির্বাহী অফিসার.................................. উপজেলা, দিনাজপুর।
১০। ডিজিএম, বিরল,রানীরবন্দর,বীরগঞ্জ,চিরিরবন্দর জোনাল অফিস, দিপবিস-১।
১১। এজিএম (ওএন্ডএম) কাহারোল,বোচাগঞ্জ,গোদাগাড়ী,খানসামা সাব-জোনাল অফিস, দিপবিস-১।
১২। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), দিপবিস-১।
১৩। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-২), দিপবিস-১ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য )।
১৪। নোটিশ বোর্ড/ অফিস কপি / মাষ্টার কপি।

(মোঃ সাইফুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার